"ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd

নং-৫৯.১১.০০০০.১৫২.১৯.০০৩.২৩- ৪৬২৬

তারিখ : ১০ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২৫ আগস্ট ২০২৪ খ্রি:

বিষয় : পরিবার পরিকল্পনা অধিদপ্তরে বিভিন্ন পর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের বদলি/পদায়ন নীতিমালা, ২০২৪ (খসড়া) অত্র অফিসের ওয়েবসাইটে প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন কর্মকর্তা-কর্মচারীদের বদলি/পদায়ন নীতিমালা (খসড়া) অত্র অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের নিমিত্ত মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা কর্তৃক অনুমোদিত হয়েছে।

০২। এমতাবস্থায়, পরিবার পরিকল্পনা অধিদপ্তরে বিভিন্ন পর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের বদলি/পদায়ন নীতিমালা, ২০২৪ (খসড়া) অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

০৩। উল্লেখ্য, নীতিমালাটি ওয়েবসাইটে প্রকাশের পরবর্তী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রকাশিত নীতিমালার (খসড়া) বিষয়ে কোন আপত্তি/অভিযোগ/সংশোধন/পরামর্শ থাকলে তা পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা বরাবর প্রেরণের করার জন্য অনুরোধ করা হলো

২২/০৮/২০২৪

পরিচালক (এমআইএস)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ : সহকারী মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার
এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।

(মোঃ আসিব আহসান)
যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫০১২৩৪২
ইমেইল : diradmin@dgfp.gov.bd

নং-৫৯.১১.০০০০.১৫২.১৯.০০৩.২৩- ৪৬২৬/১(২৫)

তারিখ : ১০ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২৫ আগস্ট ২০২৪ খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল)..............................পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল).................................বিভাগ।
৩. পরিচালক, এমএফএসটিসি, মোহাম্মদপুর/এমসিএইচটিআই, আজিমপুর/লালকুটি, মিরপুর, ঢাকা।
৪. অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস্), কেন্দ্রীয় পণ্যাগার, পরিবার পরিকল্পনা, মহাখালী, ঢাকা।
৫. উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল)................................জেলা।
৬. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৭. পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা [পরিচালক (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য]।

২৫/০৮/২০২৪

(চৌধুরী মোর্শেদ আলম)
সহকারী পরিচালক (পার-১)
ফোন :+৮৮০২ ৫৫০১২৩৪৫

E:\R-F-All\All Document\Letter General.docx

"ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd

তারিখ : ২০ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২৫ আগস্ট ২০২৪ খ্রিঃ

নং-৫৯.১১.০০০০.১৫২.১৯.০০৩.২৩- ৪৬৬৪

বিষয় : পরিবার পরিকল্পনা অধিদপ্তরে বিভিন্ন পর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের বদলি/পদায়ন নীতিমালা, ২০২৪ (খসড়া)।

০১। পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন কর্মকর্তা-কর্মচারী বদলি/পদায়নের ক্ষেত্রে নিম্নরুপ কমিটি গঠনের প্রস্তাব করা হলো :

❖ **কমিটি নম্বর-০১**

| | | | |
|---|---|---|---|
| ১. | মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর | : | সভাপতি |
| ২. | পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর | : | সদস্য |
| ৩. | পরিচালক (অর্থ), পরিবার পরিকল্পনা অধিদপ্তর | : | সদস্য |
| ৪. | পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস), পরিবার পরিকল্পনা অধিদপ্তর | : | সদস্য |
| ৫. | উপপরিচালক (পার্সোনেল), পরিবার পরিকল্পনা অধিদপ্তর | : | সদস্য সচিব |

কমিটির কার্যপরিধি :

(ক) পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন ৬ষ্ঠ-১০ম গ্রেড পর্যন্ত কর্মকর্তাদের বদলির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;

(খ) ৫ম গ্রেড হতে তদুর্ধ্ব কর্মকর্তাদের বদলি/পদায়নের বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ে সুপারিশ/প্রস্তাব প্রেরণ।

❖ **কমিটি নম্বর -০২**

| | | | |
|---|---|---|---|
| ১. | পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর | : | সভাপতি |
| ২. | পরিচালক (পরিকল্পনা), পরিবার পরিকল্পনা অধিদপ্তর | : | সদস্য |
| ৩. | উপপরিচালক (পার্সোনেল), প্রশাসন ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর | : | সদস্য |
| ৪. | উপপরিচালক (এমসিএইচ-সার্ভিসেস), এমসিএইচ-সার্ভিসেস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর | : | সদস্য |
| ৫. | সহকারী পরিচালক (পার-১), প্রশাসন ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর | : | সদস্য সচিব |

কমিটির কার্যপরিধি :

(ক) পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন সদর দপ্তরের বিভিন্ন ইউনিট ও বিশেষায়িত হাসপাতালে কর্মরত ১১-২০ গ্রেডের কর্মচারীদের বদলির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;

(খ) মাঠ পর্যায়ে কর্মরত ১১-২০ গ্রেডের কর্মচারীদের আন্ত-বিভাগীয় বদলির সিদ্ধান্ত গ্রহণ।

❖ **কমিটি নম্বর-০৩**

| | | | |
|---|---|---|---|
| ১. | পরিচালক, পরিবার পরিকল্পনা [সংশ্লিষ্ট বিভাগ] | : | সভাপতি |
| ২. | বিভাগের ০২ (দুই) জন জ্যেষ্ঠ উপপরিচালক, পরিবার পরিকল্পনা | : | সদস্য |
| ৩. | বিভাগীয় জেলার সহকারী পরিচালক (সিসি) | : | সদস্য |
| ৪. | বিভাগীয় জেলার সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা | : | সদস্য সচিব |

কমিটির কার্যপরিধি :

(ক) বিভাগের মধ্যে ১১-২০ গ্রেডের কর্মচারীদের আন্ত-জেলায় বদলির সিদ্ধান্ত গ্রহণ;

(খ) জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের বদলির প্রস্তাব/সুপারিশ প্রদান;

(গ) ১১-২০ গ্রেডের কর্মচারীদের আন্ত-বিভাগীয় বদলির প্রয়োজন হলে যথাযথ কারণ উল্লেখপূর্বক সুপারিশ প্রদান।

ঘ) বিশেষ ক্ষেত্রে প্রয়োজন সাপেক্ষে পরিবার কল্যাণ সহকারি ও পরিবার পরিকল্পনা পরিদর্শকদের অধিদপ্তর কর্তৃক প্রনীত নীতিমালার আলোকে বিভাগের মধ্যে আন্ত-জেলায় বদলির ব্যবস্থা গ্রহণ ও বিভাগের বাহিরে বদলির ক্ষেত্রে সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক প্রস্তাব/সুপারিশ প্রদান।

❖ **কমিটি নম্বর-০৪**

| | | | |
|---|---|---|---|
| ১. | উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সংশ্লিষ্ট জেলা) | : | সভাপতি |
| ২. | সহকারী পরিচালক (সিসি)/এমও (সিসি) | : | সদস্য |
| ৩. | সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা | : | সদস্য সচিব |

কমিটির কার্যপরিধি :

(ক) জেলায় নিয়োগকৃত ১১-২০ গ্রেডের কর্মচারীদের বদলির সিদ্ধান্ত গ্রহণ;

(খ) জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের বদলির প্রস্তাব/সুপারিশ প্রদান;

(গ) ১১-২০ গ্রেডের কর্মচারিদের আন্তঃ জেলা বদলির প্রয়োজন হলে যথাযথ কারণ উল্লেখপূর্বক সুপারিশ প্রদান;

(ঘ) বিশেষ ক্ষেত্রে প্রয়োজন সাপেক্ষে পরিবার কল্যাণ সহকারি ও পরিবার পরিকল্পনা পরিদর্শকদের অধিদপ্তর কর্তৃক প্রনীত নীতিমালার আলোকে জেলার মধ্যে বদলির সিদ্ধান্ত গ্রহণ ও জেলার বাহিরে বদলির ক্ষেত্রে সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক প্রস্তাব/সুপারিশ প্রদান।

০২। কমিটি প্রতি ৩ (তিন) মাসে [মার্চ, জুন, সেপ্টেম্বর এবং ডিসেম্বর] এক বার সভায় মিলিত হবে। জরুরী প্রয়োজনে বিশেষ সভা আহবান করা যেতে পারে।

০৩। বিশেষ জরুরী প্রয়োজনে অথবা প্রশাসনিক কারণে কমিটির সভাপতি নিয়োগ/বদলি/পদায়ন বিষয়ে তাৎক্ষনিকভাবে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন। এই ধরণের সিদ্ধান্ত কমিটির পরবর্তী সভায় ভূতাপেক্ষভাবে অনুমোদন গ্রহণ করবেন।

০৪। বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সুপারিশের প্রেক্ষিতে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)/সমমান, সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা (এমসিএইচ-এফপি) হিসেবে নিয়োগ লাভের পর প্রথম নিয়োগ/পদায়ন বাধ্যতামূলকভাবে উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়/তদনিম্ন পর্যায়ে করা হবে।

০৫। বদলী/পদায়নের ক্ষেত্রে শূন্য পদ পূরণে অগ্রাধিকার দিতে হবে। নবনিয়োগকৃত কর্মকর্তাদের পদায়নের ক্ষেত্রে পার্বত্য জেলা, দ্বীপাঞ্চল, হাওড় ও প্রত্যন্ত এলাকার শূন্যপদ পূরণে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করা হবে। পরবর্তীতে এসব এলাকায় চাকরি করতে ইচ্ছুক ব্যতীত কর্মকর্তাগণ ০২ (দুই) বছর পূর্তিতে সমতলে বদলির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন।

০৬। পরবর্তীতে কর্মকর্তাদের মেধা, উচ্চতর ডিগ্রি ও অন্যান্য আনুষঙ্গিক বিষয় বিবেচনা করে উপযুক্ত স্থানে পোস্টিং/পদায়ন প্রদানের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।

০৭। জনস্বার্থ/প্রশাসনিক কারণ ব্যতীত সাধারণত তিন বছরের পূর্বে কোন কর্মকর্তা-কর্মচারীকে বদলি করা হবে না। তবে যে সকল কর্মকর্তা ও কর্মচারী পিআরএলের কাছাকাছি সময় সর্বোচ্চ এক বছর বাকি আছে তাদের পছন্দমত স্থানে বদলি করা যেতে পারে।

০৮। পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন জেলা পর্যায়ের কর্মকর্তাদের নিজ জেলায় এবং উপজেলা পর্যায়ে কর্মকর্তাদের সাধারণত নিজ উপজেলায় নিয়োগ/বদলি/পদায়ন করা যাবে না।

০৯। মহিলা ও প্রতিবন্ধী কর্মকর্তা-কর্মচারীদের পরিবার এর নিকটবর্তী/সুবিধাজনক কর্মস্থলে বদলি/পদায়ন করা যেতে পারে;

১০। ১১-২০ গ্রেডের কর্মচারীদের বদলির ক্ষেত্রে একই কর্মস্থলের অন্য অফিসে অথবা নিকটতম অফিসে বদলি করা যেতে পারে।

১১। প্রশাসনিক কারণ ব্যতীত সকল বদলি/পদায়ন সাধারণত বৎসরের একটি সুনিদিষ্ট সময়ে করতে হবে, যাতে ডিসেম্বর মাসের মধ্যে আদেশ জারী হয় এবং ডিসেম্বর- জানুয়ারি মাসে বদলিকৃত স্থানে যোগদান করা যায়।

১২। বছরের একটি সুনির্দিষ্ট সময়ে কর্মকর্তা-কর্মচারীদের বদলি করতে হবে, যেন ব্যক্তিগত অসুবিধা ন্যূনতম পর্যায়ে থাকে। কর্মকর্তাদের বদলির ক্ষেত্রে তাদের পরিচিতি নম্বর উল্লেখপূর্বক আদেশ জারী করতে হবে। কর্মকর্তা-কর্মচারীদের সকল বদলি/পদায়ন আদেশ সংশ্লিষ্ট কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।

১৩। বদলি সংক্রান্ত প্রচলিত নীতিমালা সকলেই মেনে চলবে এবং এ বিষয়ে কোন তদবির বা যে কোনভাবে প্রভাব বিস্তার সরকারি শৃংখলা ও আপীল বিধিমালার পরিপন্থি বলে গণ্য হবে।

১৪। বদলি/পদায়ন/উচ্চতর দায়িত্ব প্রদানের ক্ষেত্রে কর্মকর্তা-কর্মচারীদের ব্যক্তিগত আচরণ, সরকারি আদেশ পালনে তৎপরতা, সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ ও ব্যক্তিগত কর্মক্ষমতা [Performance] বিবেচনা করা হবে।

১৫। বদলি/পদায়ন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণকালে সংশ্লিষ্ট কমিটি/কর্তৃপক্ষ কর্মকর্তা-কর্মচারীদের জ্যেষ্ঠতা, যোগ্যতা ও উপযুক্ততার বিষয় বিবেচনায় রাখবেন।

১৬। পরিবার পরিকল্পনা পরিদর্শক এবং পরিবার কল্যাণ সহকারিদের শুধুমাত্র স্থায়ী ঠিকানা [পিতা/স্বামী/নিজ স্থায়ী ঠিকানা (প্রযোজ্য ক্ষেত্রে)] পরিবর্তনজনিত কারণে বদলি করা যাবে। তবে প্রশাসনিক কারণে স্থায়ী ঠিকানার বাহিরেও বদলি করা যাবে।

১৭। সিটি কর্পোরেশন এবং পৌরসভা এলাকায় উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার (SACMO), পরিবার কল্যাণ পরিদর্শিকা (FWV), পরিবার পরিকল্পনা পরিদর্শক (FPI) এবং পরিবার কল্যাণ সহকারী (FWA) এর বদলির প্রয়োজন হলে পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর পূর্বানুমতি গ্রহণ করতে হবে ।

১৮। পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন কর্মকর্তা-কর্মচারীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ০২.০৮.২০২৩ তারিখের ৫৯.১১.০০০০.১৫২.৩৪.০৮০.২৩-২৬৬৪ সংখ্যক স্মারকে জারিকৃত নির্ধারিত ফরমেট (পরিশিষ্ট-ক) বদলির আবেদন করতে হবে । সরাসরি দাখিলকৃত কোন আবেদন বিবেচনা যোগ্য হবে না।

১৯। স্বামী ও স্ত্রী উভয়েই সরকারী চাকুরীতে একই স্থানে কর্মরত থাকলে এবং তাদের মধ্যে কারও চাকরিকাল ০৩ (তিন) বছর পূর্ণ হলে, তার ক্ষেত্রে ০৩ (তিন) বছর মেয়াদকাল কিঞ্চিত শিথিল করা যেতে পারে অথবা তাকে এমন স্থানে বদলীর ব্যবস্থা নেয়া যেতে পারে, যেখান হতে স্বামী এবং স্ত্রীর মধ্যে সহজে পারস্পরিক যোগাযোগ রক্ষা করা সম্ভবপর হয়।

২০। সরকারী চাকুরীতে নিযুক্ত স্বামী ও স্ত্রী ইতোমধ্যেই যদি এমন স্থানে কর্মরত থেকে থাকেন যেখান হতে তাদের মধ্যে যোগাযোগ রক্ষা করা সম্ভবপর হচ্ছে না, এসব ক্ষেত্রে তাদের একজনকে সম্ভব হলে এমন স্থানে বদলীর ব্যবস্থা করা যেতে পারে যে স্থান হতে তাদের মধ্যে সহজে যোগাযোগ রক্ষা করা সম্ভবপর হয়।

২১। বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা এবং উপপরিচালক, পরিবার পরিকল্পনাগণ ত্রৈমাসিক ভিত্তিক নির্ধারিত ফরমেটে বদলি সংক্রান্ত প্রতিবেদন মহাপরিচালক বরাবর প্রেরণ করবেন। বদলির নীতিমালা যথাযথভাবে অনুসরণপূর্বক বদলি করা হয়েছে কিনা তা জারীকৃত বদলির আদেশের ১০% দৈবচয়ন ভিত্তিতে অধিদপ্তর কর্তৃক যাচাই করা হবে।

বদলির প্রতিবেদন প্রদান সংক্রান্ত ফরমেট :

| ক্রম. | কর্মকর্তা-কর্মচারির নাম ও পদবি | যে কর্মস্থল হতে বদলি করা হয়েছে | | বদলিকৃত কর্মস্থল | বদলির কারণ | বদলির আদেশের স্মারক ও তারিখ |
|---|---|---|---|---|---|---|
| | | কর্মস্থল | সময়কাল | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | | |

এমতাবস্থায়, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের বদলি/পদায়ন নীতিমালা অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

22/08/2024

(মোঃ আসিব আহসান)
যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫০১২৩৪২
ইমেইল : diradmin@dgfp.gov.bd

নং-৫৯.১১.০০০০.১৫২.১৯.০০৩.২৩-

তারিখ : ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
আগস্ট ২০২৪ খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল) .......................................... পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
২। পরিচালক, পরিবার পরিকল্পনা, ....................................................... বিভাগ।
৩। পরিচালক, এমসিএইচটিআই,আজিমপুর/লালকুঠি,মিরপুর/এমএফএসটিসি,মোহাম্মদপুর, ঢাকা।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস্), কেন্দ্রীয় পণ্যাগার, পরিবার পরিকল্পনা, মহাখালী, ঢাকা।
৬। উপপরিচালক, পরিবার পরিকল্পনা,.............................................জেলা।
৭। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)........................।
৮। সহকারী মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
১০। পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

২২/০৮/২৪

(চৌধুরী মোর্শেদ আলম)
সহকারী পরিচালক (পার-১)
ফোন :+৮৮০২ ৫৫০১২৩৪৫